

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ শাখা
cabinet.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.১

তারিখ: ২১ পৌষ ১৪২৪

০৪ জানুয়ারি ২০১৮

বিষয়: ‘ডিজিটাল বাংলাদেশ’ বিনির্মাণের নিমিত্ত **.bd** (ডট **bd**) ও **.বাংলা** (ডট **বাংলা**) ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক এবং ডাইনামিক ওয়েবসাইট তৈরিকরণসংক্রান্ত পত্রের বিষয়ে অধিকতর স্পষ্টকরণ।

- সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ অক্টোবর ২০১৭ তারিখের
০৪.০০.০০০০.৫১২.৮২.০১৫.১৪-৫০৮ নম্বর স্মারক;
২। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ নভেম্বর ২০১৭ তারিখের
০৪.০০.০০০০.৮৩২.৯৯.০০২.১৬-১২০ নম্বর স্মারক;
৩। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ১৭ অক্টোবর ২০১৭ তারিখের
১৪.০০.০০০০.০১০.১৮.০২৬.১৭-৪৯৯ নম্বর স্মারক;
৪। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ এপ্রিল ২০১৩ তারিখের
০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ নম্বর স্মারক; এবং
৫। মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ ডিসেম্বর ২০১৩ তারিখের
০৪.০০.০০০০.২৩২.৪৫.০১৭.১৩-৫৮ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত ৩ নম্বর স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে সকল মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং তাদের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক **.bd** (ডট **bd**) ও **.বাংলা** (ডট **বাংলা**) ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলকভাবে রেজিস্ট্রেশন এবং ডাইনামিক ওয়েবসাইট তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ১ ও ২ নম্বর স্মারকে এ বিভাগ হতে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্র প্রাপ্তির পর কোনো কোনো দপ্তর তাদের দপ্তরের জন্য জাতীয় তথ্য বাতায়নের ডাইনামিক কাঠামোতে সংযুক্ত না হয়েই নিজস্ব ব্যবস্থাপনায় নতুনভাবে ডাইনামিক ওয়েবসাইট তৈরির জন্য কমিটি গঠন বা উদ্যোগ গ্রহণ করেছেন মর্মে জানা গেছে, যা অপ্রয়োজনীয়।

২। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের কারিগরি সহায়তায় ইতোমধ্যে জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd ও বাংলাদেশ.বাংলা) তৈরি করা হয়েছে যা পৃথিবীর সর্ববৃহৎ তথ্য বাতায়ন। জাতীয় তথ্য বাতায়ন ইতোমধ্যে জাতিসংঘের বিশেষায়িত সংস্থা ITU এর WSIS এওয়ার্ড এবং The Open Group-এর President Award-এ ভূষিত হয়েছে। জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্কে বাংলাদেশের সকল মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/দপ্তর/সংস্থার নিয়ন্ত্রণাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের পৃথক পৃথক ডোমেইনের ওয়েবসাইটসমূহ সংযুক্ত থাকার ব্যবস্থা রয়েছে।

৩। ইউনিয়ন পর্যায় হতে শুরু করে মন্ত্রণালয়/বিভাগ পর্যন্ত সকল দপ্তরের ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার লক্ষ্যে ইতোমধ্যে সকল দপ্তরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ যাবৎ ৪৩০০০+ দপ্তর এ-কাঠামোতে সংযুক্ত হয়েছে। স্বল্প সংখ্যক মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর এ-কাঠামোতে

সংযুক্ত করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য, জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্কে সংযুক্ত সকল ওয়েবসাইটই .bd (ডট বিডি) ডোমেইনের অন্তর্ভুক্ত বিধায় নতুন করে রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই। এক্ষেত্রে ডোমেইন নবায়নের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। যে সকল ওয়েবসাইটের ডোমেইন .বাংলা (ডট বাংলা)-য় নিবন্ধন করা হয়নি সে সকল ক্ষেত্রে সূত্রোক্ত ৩ নম্বর স্মারকের বর্ণনামতে .বাংলা (ডট বাংলা) ডোমেইন নিবন্ধন করতে হবে। এ বিষয়ে কোনো কারিগরি সহায়তার জন্য জনাব মোঃ দৌলতুজ্জামান খান, উপসচিব ও বিশেষজ্ঞ, এটুআই প্রোগ্রাম; মোবাইল: +৮৮০১৭১৪০৮৩৫০০, ই-মেইল: doulutuzzamankhan@gmail.com ও ফেসবুক: <https://www.facebook.com/groups/NPFTEAM/> এবং জনাব মোঃ শহিদুল ইসলাম, বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল; মোবাইল: +৮৮০১৫৫০১৫১৩১৮ ও ই-মেইল: deanc@btcl.com.bd-এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

৪। এমতাবস্থায়, জাতীয় তথ্য বাতায়নের ডাইনামিক ফ্রেমওয়ার্কে (www.bangladesh.gov.bd ও বাংলাদেশ.বাংলা) যে সকল ওয়েবসাইট এখনও সংযুক্ত হয়নি তা জানুয়ারি ২০১৮-এর মধ্যে সংযুক্তকরণ এবং সূত্রোক্ত ৪ ও ৫ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রে উল্লিখিত স্মারকসমূহ।



৪-১-২০১৮

মোঃ শাহগীর আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৮৩৯৫

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: eg_sec@cabinet.gov.bd

১) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

২) বিভাগীয় কমিশনার (সকল)

৩) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.১/১(৪)

তারিখ: ২১ পৌষ ১৪২৪

০৪ জানুয়ারি ২০১৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

২) ন্যাশনাল কনসালটেন্ট ফর পোর্টাল ইমপ্লিমেন্টেশন স্পেশালিস্ট, ই-সার্ভিস, একসেস টু

ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ



৪-১-২০১৮

মোঃ শাহগীর আলম

সিনিয়র সহকারী সচিব